বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ ইনস্ট্রাক্টর নির্বাচিত হলেন মেহেরপুরের সাইদুল হক রানা

মেহেরপুর সদর উপজেলার মনোহরপুর গ্রামের কৃতি সন্তান মো. সাইদুল হক রানা প্রাথমিক শিক্ষা পদক-২০২৬ এর বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ ইনস্ট্রাক্টর নির্বাচিত হয়েছেন।

তিনি উপজেলা প্রাথমিক শিক্ষা ট্রেনিং সেন্টারে (ইউপিইটিসি) ইনস্ট্রাক্টর হিসেবে কর্মরত রয়েছেন।

তার এ সাফল্যে পরিবার, সহকর্মী, শুভাকাঙ্ক্ষী এবং নিজ এলাকার মানুষের মধ্যে আনন্দের আবহ সৃষ্টি হয়েছে।

মো. সাইদুল হক রানা মনোহরপুর গ্রামের একজন সুপরিচিত ও মেধাবী ব্যক্তিত্ব। তিনি সাবেক ছাত্রনেতা এবং জেলা বিএনপির সাবেক তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক ও পেশাজীবী নেতা নাজমুল হক লিটনের মেজ ভাই।

ব্যক্তিগত জীবনে তিনি দুই সন্তানের জনক। কর্মজীবনে নিষ্ঠা, দক্ষতা ও পেশাদারিত্বের মাধ্যমে তিনি শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন।

` সুজন বন্ধু’ কেন্দ্রীয় আহ্বায়ক নির্বাচিত হলেন মেহেরপুরের পলাশ

সুজন – সুশাসনের জন্য নাগরিক এর সহযোগী অঙ্গ সংগঠন ও তারুণ্যের প্ল্যাটফর্ম সুজন বন্ধু-এর কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির আহ্বায়ক নির্বাচিত হয়েছেন মেহেরপুরের তরুণ সমাজকর্মী ফিরোজ আহম্মেদ পলাশ।

গত শুক্রবার অনুষ্ঠিত এক অনলাইন সভায় সাবেক সুজন বন্ধু আহ্বায়ক মোস্তাফিজুর রহমান স্বজলের সভাপতিত্বে এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপস্থিত ছিলেন, সুজনের অফিস স্টাফ স্বজল কোরায়েশি এবং The Hunger Project Bangladesh-এর ট্রেনিং ইউনিটের তুহিন আফসারি।

সভায় দেশের ১০টি অঞ্চলের আঞ্চলিক প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। পরে তাদের মতামতের ভিত্তিতে ফিরোজ আহম্মেদ পলাশকে কেন্দ্রীয় আহ্বায়ক হিসেবে নির্বাচিত করা হয়। প্রতিনিধিরা জানান, তরুণ নেতৃত্ব, সাংগঠনিক দক্ষতা এবং দীর্ঘদিনের সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ততার কারণেই তাকে এ দায়িত্ব প্রদান করা হয়েছে।

জানা গেছে, ফিরোজ আহম্মেদ পলাশ ২০১৪ সাল থেকে বিভিন্ন সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের সঙ্গে যুক্ত থেকে সমাজসেবা ও মানবিক কার্যক্রম পরিচালনা করে আসছেন। দেশের বিভিন্ন সংকটকালীন সময়ে তিনি স্বেচ্ছাসেবক হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। করোনাকালীন সময়েও তিনি অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছেন। এছাড়া ২০২৪ সালের ভয়াবহ বন্যার সময় খাদ্যসামগ্রী নিয়ে বন্যাকবলিত মানুষের কাছে পৌঁছে সহায়তা করেছেন।

তিনি পূর্বে The Hunger Project Bangladesh-এর অঙ্গ সংগঠন ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের মেহেরপুর জেলা কো-অর্ডিনেটর, যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী এবং জাতীয় ফোরামের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি বসুন্ধরা শুভসংঘ-এর মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক এবং Democracy International-এর মেহেরপুর জেলা কমিটির সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

সামাজিক কর্মকাণ্ডের পাশাপাশি তিনি দীর্ঘদিন ধরে রক্ত সংগ্রহ ও অসুস্থ রোগীদের রক্ত সংকট নিরসনে কাজ করে যাচ্ছেন। স্থানীয় বিভিন্ন সামাজিক সংগঠনের সঙ্গে সম্পৃক্ত থেকে মানবিক কর্মকাণ্ড পরিচালনার কারণে তিনি এলাকায় “মানবতার ফেরিওয়ালা” হিসেবেও পরিচিত।

নবনির্বাচিত আহ্বায়ক ফিরোজ আহম্মেদ পলাশ জানান, সুজন বন্ধু হলো সুজন – সুশাসনের জন্য নাগরিক-এর তরুণদের প্ল্যাটফর্মভিত্তিক একটি অরাজনৈতিক স্বেচ্ছাসেবী সংগঠন। এই সংগঠনের মাধ্যমে দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়, প্রাইভেট বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং জেলা পর্যায়ের ইউনিটগুলোকে সংগঠিত ও নেতৃত্বদানের মাধ্যমে তরুণদের সামাজিক উন্নয়ন, সুশাসন ও মানবিক

কর্মকাণ্ডে সম্পৃক্ত করার জন্য কাজ করবেন।

তার এ অর্জনে মেহেরপুর জেলার সামাজিক, সাংস্কৃতিক ও তরুণ সমাজের মাঝে আনন্দ ও গর্বের অনুভূতি সৃষ্টি হয়েছে।

কোটচাঁদপুরের প্রথম নির্বাচিত উপজেলা চেয়ারম্যান আর নেই

কোটচাঁদপুর উপজেলার প্রথম নির্বাচিত উপজেলা চেয়ারম্যান সরদার আলী আহম্মেদ আর নেই। শনিবার জার্মানিতে নিজ বাসায় তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি…রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর। তিনি কোটচাঁদপুর বাজারপাড়ার বাসিন্দা এবং সাবেক পৌরসভা চেয়ারম্যান মরহুম গোলাম হায়দার সরদারের ছেলে।

পারিবারিক সূত্রে জানা গেছে, ছয় ভাই ও ছয় বোনের মধ্যে তিনি দ্বিতীয় ছিলেন। তাঁর প্রাথমিক শিক্ষা বাজেবামনদহ প্রাথমিক বিদ্যালয়ে এবং মাধ্যমিক শিক্ষা কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে সম্পন্ন হয়। পরে তিনি রাজশাহীতে উচ্চশিক্ষা গ্রহণ করেন।

রাজনৈতিক জীবনে প্রথমে আওয়ামী লীগের সঙ্গে যুক্ত থাকলেও পরবর্তীতে জাসদের রাজনীতিতে যোগ দেন। সে সময় তিনি কোটচাঁদপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। ১৯৮৫ সালের দিকে উপজেলা পরিষদ গঠনের পর নির্বাচনে অংশ নিয়ে তিনি কোটচাঁদপুরের প্রথম উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হন।

স্থানীয় সূত্রে জানা যায়, উপজেলা চেয়ারম্যান থাকাকালে তিনি একটি সরকারি পোস্ট কোয়ার্টার অপসারণ করে সেখানে ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র, এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসা প্রতিষ্ঠায় ভূমিকা রাখেন। পরবর্তীতে প্রতিষ্ঠানটি থেকে বহু শিক্ষার্থী হাফেজ হিসেবে বের হয়েছেন।

১৯৯৫ সালের দিকে তিনি জার্মানিতে পাড়ি জমান এবং সেখানেই

স্থায়ীভাবে বসবাস শুরু করেন। দীর্ঘ ৩২ বছর তিনি জার্মানিতে ছিলেন। তাঁর স্ত্রী সরদার রেজমুন নাহার শিরিন জানান, মাথায় জটিলতা দেখা দিলে চলতি বছরের জানুয়ারিতে তাঁর অস্ত্রোপচার করা হয়। এরপর থেকে বাসায় চিকিৎসাধীন অবস্থায় ছিলেন। শনিবার সকালে তিনি ইন্তেকাল করেন।

পরিবারের পক্ষ থেকে মরদেহ দেশে আনার চেষ্টা চলছে। তিনি এক ছেলে ও দুই কন্যা সন্তানের জনক। কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা এনামুল হাসান বলেন, যেহেতু তিনি উপজেলার প্রথম নির্বাচিত চেয়ারম্যান ছিলেন, তাই উপজেলা মসজিদে তাঁর রুহের মাগফিরাত কামনায় দোয়ার আয়োজন করা হবে।

নির্বাচিত সংসদ সদস্যদের গেজেট প্রকাশ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নবনির্বাচিত সংসদ সদস্যদের গেজেট প্রকাশ করা হয়েছে। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) গভীর রাতে জাতীয় সংসদের ৩০০ আসনের মধ্যে ২৯৭ আসনে নবনির্বাচিত সংসদ সদস্যের সরকারি ফলাফল গেজেট প্রকাশ করে নির্বাচন কমিশন (ইসি)।

60657_19406

এর আগে বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ৭টা থেকে ৪২ হাজার ৭৭৯টি কেন্দ্রে একযোগে সংসদ নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়ে চলে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত। সংসদ নির্বাচনের পাশাপাশি এদিন দেশজুড়ে গণভোটও অনুষ্ঠিত হয়।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, এবার রেকর্ডসংখ্যক রাজনৈতিক দল নির্বাচনে অংশ নিয়েছিল। বিএনপি, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টিসহ মোট ৫১টি দল এই নির্বাচনী লড়াইয়ে প্রতিদ্বন্দ্বিতা করছে। নির্বাচনে মোট প্রার্থী ছিল ২ হাজার ২৯ জন; যার মধ্যে দলীয় প্রার্থী ১ হাজার ৭৫৫ জন এবং স্বতন্ত্র প্রার্থী ছিলেন ২৭৪ জন। নারী প্রার্থীর সংখ্যা ৮০ জন।

এবারের নির্বাচনে মোট ১১৯টি প্রতীক বরাদ্দ দেওয়া হয়।

এদিকে নির্বাচিত সংসদ-সদস্যদের শপথগ্রহণ অনুষ্ঠানের সব প্রস্তুতি শুরু করেছে সংসদ সচিবালয়। বৈঠকে শপথের গুরুত্বপূর্ণ রাজনৈতিক মুহূর্তটি সফলভাবে করতে প্রটোকল, নিরাপত্তা এবং প্রয়োজনীয় সেবার বিষয় অগ্রাধিকার দিয়ে সাজানো হয়েছে সব পরিকল্পনা।

সূত্র : কালের কন্ঠ।

মেহেরপুর জেলা প্রেসক্লাব নির্বাচনে সকলে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের দ্বিবার্ষিক নির্বাচন-২০২৫ এর চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হয়েছে। ১১টি পদের বিপরীতে অন্য কোনো প্রার্থী না থাকায় সব পদেই প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। ফলে পূর্বঘোষিত তফসিল অনুযায়ী ২০ ডিসেম্বর ভোট গ্রহণের কথা থাকলেও ভোট ছাড়াই নির্বাচন সম্পন্ন হয়।

নির্বাচন পরিচালনা কমিটির সূত্রে জানা গেছে, নির্ধারিত সময়ের মধ্যে প্রতিটি পদের জন্য একক প্রার্থী মনোনয়নপত্র দাখিল করায় নির্বাচন কমিশন বিধি অনুযায়ী সবাইকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করে। এ সিদ্ধান্তের মাধ্যমে জেলা প্রেস ক্লাবের নতুন নেতৃত্ব আনুষ্ঠানিকভাবে দায়িত্ব পাওয়ার পথ সুগম হলো।

চূড়ান্ত ফলাফল অনুযায়ী সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন তোজাম্মেল আযম (যুগান্তর)। সহ-সভাপতি পদে নির্বাচিত হয়েছেন নাসের চৌধুরী (নিউজ টাইমস)। সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন মাহাবুব চান্দু (মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনার সম্পাদক ও ডি নিউজ, জেলা প্রতিনিধি)। যুগ্ম সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন এ সিদ্দিকী শাহীন (দিনেক খবর, জবাবদিহি) এবং অর্থ সম্পাদক হিসেবে নির্বাচিত হন দিলরুবা খাতুন

(বাসস/প্রতিদিনের সংবাদ)।

এছাড়া গণযোগাযোগ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন মোঃ তোফায়েল হোসেন (দৈনিক ইনকিলাব ও ঢাকা মেইল, গাংনী প্রতিনিধি)। দপ্তর সম্পাদক পদে নির্বাচিত হন মাসুদ রানা (এশিয়ান এজ/আমাদের অর্থনীতি)।

নির্বাহী সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন ড. আমানুর আমান (ডেইলি সান ও বণিক বার্তা, আঞ্চলিক প্রতিনিধি), মূর্তজা ফারুক রুপক (ভোরের কাগজ, জেলা প্রতিনিধি), সিরাজুদ্দোজা পাভেল (দৈনিক আমার সংবাদ, জেলা প্রতিনিধি) এবং খান মাহমুদ আল রাফি (দৈনিক কালবেলা, জেলা প্রতিনিধি)।

নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন আনোয়ারুল হক কালু এবং সদস্য ছিলেন অ্যাডভোকেট মিজানুর রহমান। নির্বাচন কমিশন জানিয়েছে, তফসিল অনুযায়ী সব কার্যক্রম সম্পন্ন করে আইনগত প্রক্রিয়ায় ফলাফল ঘোষণা করা হয়েছে।

সংশ্লিষ্ট সাংবাদিক নেতৃবৃন্দ ও সদস্যরা আশা প্রকাশ করেছেন, নবনির্বাচিত কমিটি মেহেরপুরে সাংবাদিকদের পেশাগত অধিকার রক্ষা, নৈতিক সাংবাদিকতা চর্চা এবং সংগঠনের কার্যক্রমকে আরও গতিশীল করতে কার্যকর ভূমিকা রাখবে।

আলমডাঙ্গায় বেলগাছি ইউনিয়ন বিএনপি’র সহ-সভাপতি ঝন্টু মালিথা নির্বাচিত

আলমডাঙ্গার বেলগাছী ইউনিয়ন বিএনপি’র নব্য নেতৃত্ব ঘোষণায় সিনিয়র সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন ঝন্টু মালিথা।

আলমডাঙ্গা উপজেলার ৮ নম্বর বেলগাছী ইউনিয়নে সম্প্রতি বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র পূর্ণাঙ্গ কমিটি পুনর্গঠনের উদ্দেশ্যে একটি সাধারণ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সভায় ইউনিয়নের ৯টি ওয়ার্ডের

সভাপতি, সম্পাদকসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী উপস্থিত ছিলেন এবং সর্বসম্মতিক্রমে নতুন নেতৃত্ব ঘোষণা করা হয়।

সভায় মোঃ ঝন্টু মালিথাকে সিনিয়র সহ-সভাপতি, মোঃ ছমির মালিতাকে ৯ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক এবং মোঃ জিন্নাহ জোয়াদ্দারকে ৩ নম্বর ওয়ার্ডের সহ-সভাপতি হিসেবে নির্বাচিত করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আক্তার হোসেন জোয়ার্দ্দার। বিশেষ অতিথি ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন। সভাপতিত্ব করেন, বেলগাছী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ আমজাদ হোসেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সহ-সভাপতি আব্দুস সালাম মাস্টার, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ বোরহান মেম্বার, সাধারণ সম্পাদক কামাল হোসেন, দপ্তর সম্পাদক বকুল হোসেন, কৃষক দলের সভাপতি মোহাম্মদ বজলুর রহমান, ছাত্র দলের সহ-সভাপতি মোঃ হাবিবুর রহমান, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মোহাম্মদ আশরাফুল ইসলামসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এছাড়া উপস্থিত ছিলেন, বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম, উপজেলা বিএনপি’র সদস্য তপু রায়হান, যুবদলের সদস্য মমিন মালিতা, এস এম বাপ্পি, জাহাঙ্গির, ইসলাম মালিতা, নূহুনবী, আনিসুর রহমান, ইদ্রিস মল্লিক, আতিয়ার মেম্বার, লিটন, দুর্জয় আহমেদ, মহিদুল, সাগির, হাসিবুল ইসলাম প্রমুখ।

মেহেরপুর সদর ইটভাঙা মালিক সমিতির নির্বাচন সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলা ইটভাঙা মালিক সমিতির দ্বিবার্ষিক নির্বাচন শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত বিরতিহীনভাবে সমিতির কার্যালয়ে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

নির্বাচনে ৯টি পদে মোট ১৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। ১৯৪ জন ভোটারের মধ্যে ১৯১ জন তাদের ভোটাধিকার প্রয়োগ করেন, যা উল্লেখযোগ্য উপস্থিতি।

সভাপতি পদে শামিমুল ইসলাম লিজন (প্রতীক: ছাতা) ১০৯ ভোট পেয়ে বিজয়ী হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বাবলু ইসলাম (প্রতীক: গরুরগাড়ি) পান ৭৩ ভোট। সহ-সভাপতি পদে মহিদুল ইসলাম (চেয়ার) ৯৮ ভোট পেয়ে নির্বাচিত হন, তার প্রতিদ্বন্দ্বী সালিকুল রহমান (আনারস) পেয়েছেন ৮০ ভোট।

সাধারণ সম্পাদক পদে মোহাম্মদ ইসমাইল হোসেন (দোয়াত-কলম) ৮৯ ভোট পেয়ে ২ ভোটের ব্যবধানে জয়লাভ করেন। তার প্রতিদ্বন্দ্বী রাকিবুল ইসলাম সজল (ফুটবল) পেয়েছেন ৮৭ ভোট।

অন্যান্য বিজয়ীরা হলেন সহ-সম্পাদক: সেন্টু (বই) ১০৪ ভোট, সাংগঠনিক সম্পাদক: সোহরাব আলী (সাইকেল) ৯৭ ভোট, কোষাধ্যক্ষ: জাকারিয়া জামু (মই) ১২০ ভোট, প্রচার সম্পাদক: আলমগীর হোসেন (মোরগ) ১০৮ ভোট। নির্বাহী সদস্য পদে শিমুল (টিউবওয়েল) ১০৭ ভোট এবং রবিউল ইসলাম জাম্বু (কবুতর) ৯৬ ভোট পেয়ে নির্বাচিত হন।

নির্বাচন পরিচালনার দায়িত্বে ছিলেন, মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবিব সোনা। সহকারী নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন সাখাওয়াত হোসেন সবুজ ও কুতুব উদ্দিন বাবু। এছাড়া নির্বাচনী কার্যক্রমে সহায়তা করেন আহ্বায়ক খোরশেদ আলম লাভলু, যুগ্ম আহ্বায়ক বেলাল হোসেন, সদস্য ইসমাইল হোসেন, মোজাফফর হোসেন ও সাফায়েত হোসেন।

নির্বাচন শেষে ফলাফল ঘোষণার পর বিজয়ী প্রার্থীদের সমর্থকরা আনন্দ মিছিল করেন এবং নবনির্বাচিত নেতৃবৃন্দ সমিতির কার্যক্রমে গতিশীলতা ও সদস্যদের কল্যাণে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

চুয়াডাঙ্গায় ভালো কাজের স্বীকৃতি স্বরূপ শ্রেষ্ঠ অফিসার নির্বাচিত

চুয়াডাঙ্গা জেলায় ফেব্রুয়ারি ২০২৫ মাসের ভালো কাজের স্বীকৃতি স্বরূপ শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ নির্বাচিত হয়েছেন দর্শনা থানা অফিসার ইনচার্জ (ওসি) মুহাম্মদ শহীদ তিতুমীর ও শ্রেষ্ঠ এসআই নির্বাচিত হয়েছেন দর্শনা থানার এসআই মাসুদুর রহমান।

গত বৃহস্পতিবার চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে অনুষ্ঠিত কল্যাণ সভা অনুষ্ঠানে এই স্বীকৃতি প্রদান করা হয়।

পলিশ সূত্রে জানা গেছে, ২০২৫ ফেব্রুয়ারী মাসে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ সর্বোচ্চ মাদকদ্রব্য উদ্ধার করেছে। জেলার মধ্যে বেশিরভাগ ওয়ারেন্ট আসামী গ্রেফতারি পরোয়ানা তামিল করেন। দর্শনা থানাধীন বেশ কয়েকটি চাঞ্চল্যকর মামলর ঘটনার মূল আসামি গ্রেফতার এসব ঘটনার রহস্য উদঘাটন অন্যান্য আসামি গ্রেফতার সহ লুণ্ঠিত মালামাল উদ্ধার করে সাফল্য দেখিয়েছে।

এছাড়া দর্শনা থানাধীন এলাকার নিয়মিত মামলার এজাহার নামীয় আসামি গ্রেফতার করে। এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষার্থে বিশেষ ভূমিকা ইত্যাদি ভালো কাজের স্বীকৃতি স্বরপ চুয়াডাঙ্গা জেলা শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ হিসাবে নির্বাচিত হয়েছেন দর্শনা থানার সুযোগ্য অফিসার ইনচার্জ (ওসি) মুহম্মদ শহীদ তিতুমীর, শ্রেষ্ঠ এসআই হিসেবে নির্বাচিত হয়েছেন দর্শনা থানার এসআই (নিরস্ত্র) মোঃ মাসুদুর রহমান, শ্রেষ্ঠ এএসআই নির্বাচিত হয়েছেন দর্শনা থানার এএসআই (নিরস্ত্র) মোঃ আরিফুল ইসলাম।

কল্যাণ সভা অনুষ্ঠানে শ্রেষ্ঠ পুরস্কার বিতরণী করে ক্রেস্ট প্রদান করেন চুয়াডাঙ্গা পুলিশের সুযোগ্য পুলিশ সুপার খন্দকার গোলাম মাওলা বিপিএম সেবা এবং অতিরিক্ত পুলিশ সুপার ক্রাইম জনাব কনক কুমার, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা-জীবননগর) সার্কেল জাকিয়া সুলতানা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার সকল থানার অফিসার ইনচার্জ সহ পুলিশের কর্মকর্তা বৃন্দ।

মেহেরপুর আইনজীবী সমিতিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ৯

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ৯ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) সকালে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির ভবনে এই ফলাফল ঘোষণা করা হয়।

নির্বাচিত কার্যনির্বাহী পরিষদে সভাপতি হিসেবে মারুফ আহম্মেদ বিজন, সহ-সভাপতি হিসেবে রফিকুল ইসলাম-১, সাধারণ সম্পাদক এ এস এম সাইদুর রাজ্জাক, যুগ্ম সম্পাদক ইহান উদ্দিন (মনা), কোষাধ্যক্ষ সাইফুল ইসলাম সাহেব, লাইব্রেরি ও সাংস্কৃতিক সম্পাদক শফিউল আযম খান (বকুল) নির্বাচিত হয়েছেন।

এছাড়া সিনিয়র সদস্য হিসেবে আরিফুজ্জামান এবং সদস্য হিসেবে আয়েশা সিদ্দিকা ও আ.ন.ম. আল মামুন (অনল) বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

দামুড়হুদায় ইউপি প্যানেল চেয়ারম্যান নির্বাচিত ও আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে গতকাল বুধবার সকাল ১০ টার দিকে কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ:করিম বিশ্বাসের সভাপতিত্বে পরিষদের ইউপি সদস্য ও সচিবদের সাথে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় তিন প্যানেল চেয়ারম্যান পদত্যাগ করায় পরিষদে সর্বসম্মতি

ক্রমে ৯ নং ওয়ার্ডের ইউপি সদস্য সাজিবার রহমানকে ১ নং প্যানেল চেয়ারম্যান, ১ নং ওয়ার্ডের ইউপি সদস্য আলমগীর হোসেনকে ২ নং প্যানেল চেয়ারম্যান ও সংরক্ষিত মহিলা আসনের ইউপি সদস্য সুমিয়া খাতুনকে ৩ নং প্যানেল চেয়ারম্যান নির্বাচিত করা হয়।

সভাপতির বক্তব্য চেয়ারম্যান আ:করিম বিশ্বাস তার বক্তব্য বলেন আমি স্বতন্ত্র চেয়ারম্যান পদপ্রার্থী ছিলাম। আমাকে ইউনিয়নের সাধারন মানুষ দলমত নির্বিশেষে ভোট দিয়ে আমাকে নির্বাচিত করেছে। আমি চেয়ারম্যান হিসাবে ইউনিয়নের সকলের চেয়ারম্যান। আমি শুরু থেকে দলমতের উর্দ্ধে থেকে পরিষদে সাধারন মানুষকে সেবা দিয়ে আসছি। গরীব দুখী মেহনতি মানুষের সেবা করে আসছি। চেয়ারম্যান হিসাবে চেয়ারে বসে কখনো কোন দলের পক্ষপাতিত্ব করে কাজ করিনি। চেষ্টা করেছি প্রকৃত নাগরিক সেবা দিতে। অসহায় দুস্থদের প্রাপ্য সেবা টুকু দিতে। আজকে আমি খুবই খুশী। আজকে আপনারা আমাকে আপনাদের চেয়ারম্যান মনে করেন বলে আমি সকলের সহযোগীতায় সকলের ভালোবাসায় পরিষদে অফিস করতে পারছি। আপনাদের ভালোবাসার কাছে আমি কৃতজ্ঞতা জানাই।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, সাজিবার মেম্বর, আলমগীর হোসেন, সিরাজুল ইসলাম, মনিরুজ্জামান মন্টু, বিল্লাল হোসেন, আ:রাজ্জাক, আনেহার খাতুন, সুমাইয়া খাতুন, দেলোয়ারা খাতুন, মাহবুবুর রহমান, ইউপি সচিব হাসানুজ্জামান, হিসাবরক্ষক মতিয়ার রহমান, উদ্যোক্তা হারুন, ওমেদুল হক প্রমুখ।